



বাংলাদেশ প্রেস ইনসিটিউট

৩ সার্কিট হাউস রোড, ঢাকা - ১০০০

ফোন: ৯৮০০০৮১-৪, ফ্যাক্স: ৮৮০-২-৮৩১৭৪৫৮, ওয়েবসাইট: পিআইবি.বাংলা || www.pib.gov.bd ই-মেইল: dgpib@yahoo.com

পিআইবি'র ইনোভেশন টিমের এপ্রিল ২০১৮ মাসের সভার কার্যবিবরণী

পিআইবি'র ইনোভেশন টিমের এপ্রিল ২০১৮ মাসের সভা আজ ০৩ এপ্রিল ২০১৮ খ্রি. তারিখ বেলা ১১:০০টায় ইনোভেশন অফিসার ও পরিচালক, অধ্যয়ন ও প্রশিক্ষণ বেগম আনোয়ারা বেগম-এর সভাপতিত্বে তাঁর কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

- ১। ড. কামরুল হক, রিসার্চ অফিসার
- ২। মোহাম্মদ আফতাব উদ্দীন ভুঁঞ্চা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব)
- ৩। শুভ কর্মকার, প্রভাষক
- ৪। লাজিনা আকতার জ্যাসলিন, প্রভাষক

আলোচ্যসূচী:

- ক) উত্তীর্ণ কর্মপরিকল্পনা ২০১৭-১৮ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
খ) বিবিধ।

সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন।

- ক. ইনোভেশন অফিসার জানান, গত ২৭-২৯ মার্চ ২০১৮ তারিখে এটুআইয়ের আয়োজনে “উত্তীর্ণ প্রকল্প ডিজাইন” শীর্ষক কর্মশালায় অংশগ্রহণকারী কর্মকর্তাদের তাদের অর্জিত অভিজ্ঞতা শেয়ার করার জন্য সভায় আমন্ত্রণ জানানো হয়।
- খ. জনাব শুভ কর্মকার “উত্তীর্ণ প্রকল্প ডিজাইন” শীর্ষক কর্মশালায় অংশ অভিজ্ঞতা সভাকে অবহিত করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে সকল সদস্য তাদের মতামত প্রদান করেন।
- গ. জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভুঁঞ্চা জানান, “উত্তীর্ণ প্রকল্প ডিজাইন” শীর্ষক কর্মশালার অংশ হিসেবে কর্মশালায় গৃহীত উত্তীর্ণ ধারণাটির (প্রশিক্ষণার্থী নির্বাচনে পুনরাবৃত্তি রোধকরণ) পাইলট বাস্তবায়ন পরিকল্পনা সম্পর্কে তথ্য মন্ত্রণালয়ের ইনোভেশন টিমকে অবহিত করতে হবে। ইতোমধ্যে মন্ত্রণালয় থেকে পত্রের মাধ্যমে জানানো হয়েছে যে, উক্ত সভাটি আগামী ০৫ এপ্রিল ২০১৮ তারিখে তথ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচিত্র) মহোদয়ের সভাপতিত্বে পিআইবি সেমিনার কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় মন্ত্রণালয়ের প্রতিনিধি, এটুআই প্রোগ্রামের প্রতিনিধি এবং পিআইবি'র মহাপরিচালক মহোদয়সহ উদ্বৃত্ত কর্মকর্তা বৃন্দ উপস্থিত থাকবেন।
- ঘ. ইনোভেশন অফিসার জানান, “উত্তীর্ণ প্রকল্প ডিজাইন” শীর্ষক কর্মশালায় গৃহীত উত্তীর্ণ ধারণাটির (প্রশিক্ষণার্থী নির্বাচনে পুনরাবৃত্তি রোধকরণ) পাইলট বাস্তবায়ন পরিকল্পনা সম্পর্কে উক্ত সভায় উপস্থাপনের জন্য ইতিমধ্যে আলোচিত বিষয়াদি অন্তর্ভুক্ত করে চূড়ান্ত করা প্রয়োজন।
- ঙ. এছাড়া কর্মপরিকল্পনা অনুযায়ী অন্যন্য কার্যক্রম চলমান রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে উত্তীর্ণ কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যেতে পারে।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আনোয়ারা বেগম
ইনোভেশন অফিসার

ও
পরিচালক, অধ্যয়ন ও প্রশিক্ষণ